

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।

[www.bangladesh-bank.org](http://www.bangladesh-bank.org)

১৪ সেপ্টেম্বর, ২০১০

তারিখ : -----

৩০ ভাদ্র, ১৪১৭

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৭

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক খাতভিত্তিক ঋণ/লীজ বিবরণী দাখিল প্রসঙ্গে।

এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের মার্চ, জুন, সেপ্টেম্বর ও ডিসেম্বর ভিত্তিক স্থিতিপত্রের ভিত্তিতে খাতভিত্তিক ঋণ/লীজ সংক্রান্ত তথ্য এতদসংযুক্ত নির্ধারিত ছক (Annexure 'A') অনুযায়ী (Soft Copy সহ) পরবর্তী মাসের শেষ কর্মদিবসের মধ্যে অত্র বিভাগে দাখিল করবে। আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের জুন, ২০১০ ভিত্তিক স্থিতিপত্রের ভিত্তিতে প্রস্তুতকৃত খাতভিত্তিক ঋণ/লীজ সংক্রান্ত তথ্য (Soft Copy সহ) আগামী ৩০শে সেপ্টেম্বর, ২০১০ তারিখের মধ্যে অত্র বিভাগে দাখিল করবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারী করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শফিকুল ইসলাম)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোন : ৭১২০৯৫৬